

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
পোরশা, নওগাঁ।

স্মারক নং ০৫.৪৩.৬৪৭৯.০০০.০৮.০০২.২৩-৫৪

তারিখঃ ০২/১০/১৪২৯ বাং।
১৬/০১/২০২৩ খ্রিঃ।

“২০.০০ একর পর্যন্ত সরকারি বন্ধ জলমহাল ইজারার আবেদনপত্র আহ্বানের বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের অথবা যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতি অথবা সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানের ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর অথবা সমাজসেবা অধিদপ্তর এর স্থানীয় অফিসে নিবন্ধিত/একক সমিতি/সংগঠন এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ ও সংশোধিত নীতিমালা, ২০১২ এবং ১৩ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখের ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৪৭ নং স্মারক আদেশে জারীকৃত প্রজ্ঞাপনের নির্দেশনা অনুযায়ী পোরশা উপজেলার সকল ইউনিয়নের সরকারি জলমহাল (২০ একর পর্যন্ত বন্ধ) শর্তসাপেক্ষে বাংলা ১৪৩০ হতে ১৪৩২ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্ন সময়সূচী অনুযায়ী আগামী ২০ জানুয়ারী/২০২৩ হতে ০৮ ফেব্রুয়ারী/২০২৩ (বাংলা ০৬ মাঘ ১৪২৯ থেকে ২৫ মাঘ ১৪২৯) পর্যন্ত অনলাইনে (jm.lams.gov.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। বিজ্ঞপ্তির যে কোন শর্ত সংযোজন/বিরোধ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

| অনলাইনে আবেদনের তারিখ | কার্যক্রম |
|--|--|
| ২০ জানুয়ারী/২০২৩ হতে ০৮ ফেব্রুয়ারী/২০২৩ (বাংলা ০৬ মাঘ ১৪২৯ থেকে ২৫ মাঘ ১৪২৯) | অনলাইনে আবেদনপত্র দাখিল করতে হবে। |
| ০৯ ফেব্রুয়ারী/২০২৩ (বাংলা ২৬ মাঘ/১৪২৯ সন) হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়ে দাখিল করতে হবে। |


২১/১০/২৩

(মো: জাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)

ও

সভাপতি

উপজেলা সরকারি বন্ধ জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পোরশা, নওগাঁ।